

বরাবর

মাননীয় চেয়ারম্যান
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়: যোগদান পত্র।

মহোদয়,

যথাবিহীত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী পরিকল্পনা বিভাগ-এর প্রজ্ঞাপন নং ২০.০০.০০০০.৩০২.১৯.০০৬.১৬-১৯ তারিখ: ১১/০১/২০১৭-এর (সংযুক্তি-১) মাধ্যমে দুর্নীতি দমন কমিশনে সিনিয়র সহকারী প্রধান(সংযুক্তি) পদে বদলি/পদায়ন-এর পর কার্যক্রম বিভাগের এসপিআইএমএস প্রকল্প হতে জারিকৃত পত্র নং- ২০.৫২২.০১৫.০০.০০.৬৭৫.২০১৫-১৯১, তারিখঃ ১৯/০১/২০১৭-এর (সংযুক্তি-২) মারফৎ উক্ত বিভাগের আওতায় বাস্তবায়নাধীন "স্ট্রেটেন্ডেনিং পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম (এসপিআইএমএস)" শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পে প্রেষণে সহকারী প্রকল্প পরিচালক (সিনিয়র সহকারী প্রধান)-এর দায়িত্ব হতে অদ্য ১৯/০১/২০১৭ তারিখ পূর্বাঙ্কে শর্তযুক্তভাবে অবমুক্তকরণের প্রেক্ষিতে অদ্য ১৯/০১/২০১৭ তারিখ অপরাহ্নে দুদকে যোগদান করলাম।

২। উল্লেখ্য যে, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের এসপিআইএমএস প্রকল্প হতে গত ১৬/০১/২০১৭ তারিখে জারিকৃত পত্র নং-২০.৫২২.০১৫.০০.০০.৬৭৫.২০১৫-১৮৯-এর মারফৎ (সংযুক্তি-৩) প্রকল্পের দায়িত্ব পালনকালে ডিডিওশীপসহ আমার ওপর ন্যাস্ত প্রকল্পের কাজ ও মালামাল বুঝিয়ে দেয়ার অনুরোধের প্রেক্ষিতে একই তারিখে প্রকল্প পরিচালক মহোদয় বরাবর আমার স্বহস্তে লিখিত জবাব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সদয় বিবেচনার জন্য এতদসঙ্গে সংযুক্ত [০৩(তিন) পাতা] করা হলো। আরও উল্লেখ্য যে, আমার ব্যবহৃত HP-Spectre ল্যাপটপটি প্রকল্প দপ্তরে জমা আছে।

এমতাবস্থায়, আমার যোগদান পত্রটি গ্রহণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করছি।

তারিখ ১৯/০১/২০১৭।



মোঃ আশরাফুজ্জামান
সিনিয়র সহকারী প্রধান(সংযুক্তি)/পরিচিতি নম্বর (০৩৩৭)
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। জনাব মোঃ ছায়েদুজ্জামান, উপ-প্রকল্প পরিচালক, এসপিআইএমএস প্রকল্প, কার্যক্রম বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৫। ব্যক্তিগত কপি।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা কমিশন, কার্যক্রম বিভাগ
"স্ট্রেংদেনিং পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম (এসপিআইএমএস)" শীর্ষক প্রকল্প

নং-২০.৫২২.০১৫.০০.০০.৬৭৫.২০১৫-১৯১

তারিখ: ৬ই মাঘ ১৪২৩
১৯ই জানুয়ারি ২০১৭ খ্রি:

অফিস আদেশ

পরিকল্পনা বিভাগের ১১/০১/২০১৭ তারিখের ২০.০০.০০০০.৩০২.১৯.০০৬.১৬-১৯ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে কার্যক্রম বিভাগের আওতায় বাস্তবায়নধীন "স্ট্রেংদেনিং পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম (এসপিআইএমএস)" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক (সিনিয়র সহকারী প্রধান) জনাব মো: আশরাফুজ্জামান-কে দুর্নীতি দমন কমিশনে সিনিয়র সহকারী প্রধান (সংযুক্তি) হিসাবে বদলি/পদায়ন করা হয়েছে। বদলিকৃত কর্মস্থলে তাঁর যোগদানের স্বার্থে জনাব মো: আশরাফুজ্জামান-কে অদ্য ১৯/০১/২০১৭ ইং তারিখ পূর্বাফে অত্র প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক (প্রেষণ) পদ হতে নির্দেশক্রমে অবমুক্ত করা হলো। তবে শর্ত থাকে যে, তিনি অত্র প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালনকালে প্রকল্প হতে গৃহীত সরঞ্জামাদি (যথা: ল্যাপটপ, মোবাইল ফোন, ইত্যাদি) এবং আয়ন-ব্যয়ন কর্মকর্তা (ডিডিও) হিসাবে তাঁর উপর অর্পিত দায়িত্বাবলী সরকারী বিধান মোতাবেক অনতিবিলম্বে প্রকল্প কর্তৃপক্ষকে বুঝিয়ে দিবেন।



(নিখিল কুমার দাস)
সহকারী প্রকল্প পরিচালক
ফোন: ৯১৮০৯৯২

নং-২০.৫২২.০১৫.০০.০০.৬৭৫.২০১৫-১৯১/০(৫)

তারিখ: ৬ই মাঘ ১৪২৩ বাং
১৯ই জানুয়ারি ২০১৭ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। জনাব মো: ছায়েদুজ্জামান, উপ-প্রকল্প পরিচালক এসপিআইএমএস প্রকল্প, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। জনাব মো: আশরাফুজ্জামান, সহকারী প্রকল্প পরিচালক (প্রেষণ) ও ডিডিও, (সিনিয়র সহকারী প্রধান), এসপিআইএমএস প্রকল্প, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬। প্রধান/প্রকল্প পরিচালক (এসপিআইএমএস) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৮। অফিস কপি।


(নিখিল কুমার দাস)
সহকারী প্রকল্প পরিচালক